ফ্লিপকার্টের সরবরাহ শৃঙ্খল শাখা, ইকার্ট লজিস্টিকস, ব্যবসায়িক প্রতিষ্ঠানকে দিচ্ছে সামগ্রিক সরবরাহ শৃঙ্খল সমস্যার সমাধান। লক্ষ্য হল, ভারতে বাণিজ্যের ইঞ্জিনগুলির শক্তি আরও বাড়ানো

- *নিজেদের পরিষেবাকে বাইরের কাজে ব্যবহার করার মধ্যে দিয়ে ইকার্টের প্রযুক্তি-সমৃদ্ধ সারা ভারতব্যাপী সরবরাহ শৃঙ্খল এখন সহজলভ্য হবে ছোট ও বড় ব্যবসায়িক প্রতিষ্ঠানের কাছে। এভাবে প্রতিষ্ঠানগুলির প্রতিযোগিতার ক্ষমতাকে আরো বাড়িয়ে তুলতে সাহায্য করবে ইকার্ট এবং এর ফলে প্রতিটি সংস্থা তাদের মূল ব্যবসাক্ষেত্রের দিকে নজর দিতে পারবে।*
- *ইকার্ট দেবে শুরু থেকে শেষ পর্যন্ত সরবরাহ শৃঙ্খলের সব সমস্যার সমাধান। তাতে সারা দেশের ছোট ও বড় ব্যবসা প্রতিষ্ঠানের সরবরাহ শৃঙ্খলের চাহিদা পূরণ করা সম্ভব হবে।*
- *ফ্লিপকার্টের পরিষেবা শাখা হল জীভস। সেই শাখার মাধ্যমে দক্ষ অংশীদারেরা সাহায্য করবে নানান স্মার্টফোন, নানা ধরনের যন্ত্রপাতি, ইলেকট্রনিক্স দ্রব্য এবং আসবাব পত্রের ব্র্যান্ডের ক্রেতাদের বিক্রি-পরবর্তী অভিজ্ঞতাকে আরও বদলে দিতে। এই বদল ঘটানো হবে সামগ্রিক সমাধান প্রক্রিয়ার মাধ্যমে।*

বেঙ্গালুরু, এপ্রিল ২৮, ২০২২ : ফ্লিপকার্ট গ্রুপ আজ ঘোষণা করল যে তাদের সরবরাহ শৃঙ্খল শাখা, ইকার্ট লজিস্টিকস, শুরু থেকে শেষ পর্যন্ত সরবরাহ শৃঙ্খলের সব সমস্যার সমাধান করে দেবে (লজিস্টিক ও ওয়্যারহাউজিংয়ের সমস্যা সহ)। এই পরিষেবা দেওয়া হবে সারা দেশের বিভিন্ন ব্র্যান্ড, প্ল্যাটফর্ম এবং ছোট ও বড় ব্যবসায়িক উদ্যোগগুলিকে। নিজেদের দক্ষতা এবং প্রযুক্তি–সক্ষম পরিকাঠামোকে বাইরের কাজে লাগিয়ে ব্যবসায়িক উদ্যোগগুলিকে এই সহায়তা দেওয়া হবে যাতে তারা নির্ঝঞ্ঝাটে তাদের ক্রেতাদের সঙ্গে যোগাযোগ গড়ে তুলতে পারে।

ইকার্ট প্রতিষ্ঠিত হয় ২০০৯ সালে। ভারতে ই কমার্সের সরবরাহ শৃঙ্খল এবং লজিস্টিক শিল্পে অগ্রদূতের ভূমিকা পালন করেছে এই সংস্থা। গত কয়েক বছর ধরে ভারতে বিকাশমান ডিজিটাল অর্থনীতি এবং খুচরো ব্যবসার গতির সঙ্গে তাল মিলিয়ে এই সংস্থার বিকাশ ও রূপান্তর দুটোই ঘটেছে। এবং এর ফলে তৈরি হয়েছে গোটা ভারতব্যাপী একটা সরবরাহ শৃঙ্খল যার পিছনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বিপুল পরিসর নিয়ে গড়ে ওঠা পরিকাঠামো ও অত্যাধুনিক বুদ্ধিমত্তা।

এবার ইকার্ট তাদের দক্ষতাকে বাইরের কাজেও ব্যবহার করবে। এর ফলে বিভিন্ন ব্র্যান্ড, প্ল্যাটফর্ম এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানকে এখন ইকার্ট দেবে শুরু থেকে শেষ পর্যন্ত সরবরাহ শৃঙ্খল পরিচালনা সংক্রান্ত পরিষেবা যার মধ্যে পড়বে উৎপাদক সংস্থার কাছ থেকে খুচরো বিক্রেতা বা ক্রেতাদের কাছে সরাসরি সরবরাহ, পণ্যের তালিকা সুসংগঠিতভাবে রাখার পদ্ধতি, বিলি বন্টন, কোনও নির্দিষ্ট এলাকায় পণ্য জড়ো করা এবং আরও অনেক কিছু। এই ব্যবস্থা গড়ে উঠেছে বহু বছরের বিস্তৃত অভিজ্ঞতার ভিত্তিতে। এছাড়াও, ফ্লিপকার্টের পরিষেবা শাখা জীভস–এর মাধ্যমে ইকার্ট দেবে শুরু থেকে শেষ পর্যন্ত ব্র্যান্ডগুলির বিক্রি–পরবর্তী প্রয়োজনীয় পরিষেবা (যার মধ্যে থাকবে ইনস্টলেশন, ডেমো এবং সারানোর পরিষেবা ইত্যাদি)। এই পরিষেবা দেওয়া হবে সারা ভারতে ছড়িয়ে থাকা টেকনিক্যাল কর্মীদের দক্ষ নেটওয়ার্কের মাধ্যমে।

ব্যবসায়িক উদ্যোগকে সহযোগিতা করা এবং চাহিদা পূরণ ও বিক্রি-পরবর্তী প্রয়োজনীয়তা চক্রের শুরু থেকে শেষ পর্যন্ত সব কাজ নির্ঝঞ্ঝাটে সামাল দেওয়ার মাধ্যমে ইকার্ট এবং জীভস সব ধরনের ব্র্যান্ড এবং ব্যবসাকে এমনভাবে সক্ষম করে তুলবে যাতে তারা সেই সব কাজে নজর দিতে পারে যা উদ্ভাবন ও বৃদ্ধির মূল কথা। এবং এভাবে ভারতে একটা প্রাণবন্ত জিডিটাল বাণিজ্যের বাস্তুতন্ত্র গড়ে তুলতে সাহায্য করবে।

আজকের দিনে ইকার্টের রয়েছে ফুলফিলমেন্ট সেন্টার, মাদার হাব বা বাছাই কেন্দ্রের একটা নেটওয়ার্ক যা ক্রমশ বেড়ে চলেছে। এছাড়া সারা দেশজুড়ে ছড়িয়ে রয়েছে কয়েক হাজার ডেলিভারি হাব। এই হাবগুলি এখন মাসে ১০০ মিলিয়ন পণ্য সরবরাহ করে থাকে। ক্রসবেল্ট বাছাই যন্ত্র, রোবোটিক আর্মস, স্বয়ংক্রিয় প্যাকেজিং এবং ভ্যালু চেন জুড়ে একেবারে সঠিক ঠিকানায় এবং দ্রুতগতিতে পণ্য পৌঁছে দেওয়ার জন্য ঠিকানা সংক্রান্ত বুদ্ধিমত্তা ইত্যাদি ভারতে তৈরি সেরা প্রযুক্তিসমূহ ব্যবহার করে এই বাণিজ্যিক প্রতিষ্ঠান তার সক্ষমতা পৌঁছে দেবে ছোট ও মাঝারি ব্যবসা প্রতিষ্ঠানের কাছে এবং এভাবে হয়ে উঠবে তাদের লজিস্টিকসের প্রয়োজনীয়তার যোগানদার এক বিশ্বস্ত অংশীদার। ক্যাশ অন ডেলিভারি, কিউআর ভিত্তিক পেমেন্ট, ওপেন বক্স ডেলিভারি, টেক-ভিজিট এবং রি-ইনভেন্টোরাইজেশন মতো পরিষেবার দেওয়ার মাধ্যমে ইকার্ট বিভিন্ন ব্র্যান্ড, প্ল্যাটফর্ম, এবং ছোট ও বড় ব্যবসা প্রতিষ্ঠানের ফুলফিলমেন্টের চাহিদা পূরণে সাহায্য করবে।

হেমন্ত বাদরি, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ইকার্ট বলেন, 'ভারতেই গড়ে ওঠা গ্রুপ হিসাবে এদেশে ডিজিটাল অর্থনীতির প্রসারে আমরা অঙ্গীকারবদ্ধ। এবং ব্যবসাকে যদি বাড়াতে হয় এবং অনেক উচ্চতায় তুলতে হয় তবে তার অবিচ্ছেদ্য অঙ্গ হল খুব শক্তিশালী ও নির্ভরযোগ্য একটা সরবরাহ শৃঙ্খল। আমাদের এই সরবরাহ শৃঙ্খল ই কমার্স শিল্পের সঙ্গে তাল মিলিয়ে বেড়ে উঠেছে এবং উপযুক্ত চেহারা নিয়েছে। এর ফলে

ভারতের বাজারে যে সব অনন্য সুযোগ এবং চ্যালেঞ্জগুলি রয়েছে আমরা সেগুলিকে বুঝতে পারি এবং সেই সব সুযোগ ও চ্যালেঞ্জের সঙ্গে তাল মিলিয়ে আরও বিকশিত হয়ে ওঠার ক্ষিপ্রতা আমাদের রয়েছে। এভাবেই আমরা ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির জন্য যোগান দিতে পারি একটা দক্ষ সরবরাহ পরিষেবার। ক্ষুদ্র, মাঝারি ও বড় ব্যবসার প্রতিষ্ঠান সারা দেশের ক্রেতা ও ক্লায়েন্টদের কাছে পৌঁছতে চাইছে আমাদের প্রযুক্তি পরিচালিত ও নির্ভরযোগ্য সরবরাহ শৃঙ্খলের মাধ্যমে। আমাদের গভীর দক্ষতা ও সামর্থ্যকে ক্ষুদ্র, মাঝারি ও বড় ব্যবসার স্বার্থে কাজে লাগাতে পেরে আমরা খুবই খুশি।'

নানা ধরনের কাজকর্ম করা জন্য এই ব্যবসা প্রতিষ্ঠান প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে নিয়োগ করেছে ২০ হাজার লোককে। তারাই এই ব্যবসার নানাদিক সামাল দেন। সকলকে নিয়ে চলার মতো নিয়োগকর্তা হওয়ার কারণে ইকার্টের রয়েছে একটা প্রাণবন্ত ও শক্তিশালী কর্মীবাহিনী যাদের রয়েছে কাজের নির্দিষ্ট শিফট এবং একান্তভাবে মহিলাদের দ্বারা পরিচালিত কাজকর্ম। কোম্পানির একটি কর্মসূচি রয়েেছে যার নাম বিভিদ্ধতা। এর সাহায্যে সরবরাহ শৃঙ্খলে মহিলারা সক্রিয় অংশ নিতে পারেন। একইসঙ্গে যারা বিশেষভাবে সক্ষম তাদেরও নানা রকম কাজের সুযোগ দেয় কোম্পানি যাতে তাদের সত্যিকারের কোনও কাজে নিয়োগ করা যায়। ইকার্টের মূল লক্ষ্যের মধ্যে রয়েছে পরিবেশগতভাবে টেকসই ব্যবসা এবং তার প্রতিফলন দেখা যায় ২০৩০ সালের মধ্যে ১০০ শতাংশ বৈদ্যুতিক গাড়ি চালু, ১০০ শতাংশ পরিবেশ বান্ধব প্যাকেজিং চালু এবং নতুন কেন্দ্রে সৌর বিদ্যুৎ ব্যবহারের অঙ্গীকারের মাধ্যমে। এছাড়াও, জীভস-এর রিপেয়ার এবং নতুন চেহারায় হাজির করার কর্মসূচি বাস্তুতন্ত্র থেকে ইলেকট্রিনিক্স বর্জ্য দূর করার কাজেও সাহায্য করে।

About the Flipkart Group

The Flipkart Group is one of India's leading digital commerce entities and includes group companies Flipkart, Myntra, Flipkart Wholesale, Flipkart Health+ and Cleartrip. The Group is also a majority shareholder in PhonePe, one of the leading Payments Apps in India.

Started in 2007, Flipkart has enabled millions of consumers, sellers, merchants, and small businesses to be a part of India's digital commerce revolution, with a registered customer base of more than 400 million, offering over 150 million products across 80+ categories. Our efforts to democratize commerce in India, drive access and affordability, delight customers, create lakhs of jobs in the ecosystem, and empower generations of entrepreneurs and MSMEs have inspired us to innovate on many industry firsts. Flipkart is known for pioneering services such as Cash on Delivery, No Cost EMI and easy returns – customer-centric innovations have made online shopping more accessible and affordable for millions of Indians. Together with its group companies, Flipkart is committed to transforming commerce in India through technology.

For more information, please write to media@flipkart.com